# চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ

## চট্টগ্রাম সেনানিবাস

### শ্রেষ্ঠ শিক্ষার্থী নির্বাচন নীতিমালা

নিজ প্রতিষ্ঠানের শ্রেষ্ঠ শিক্ষার্থী নির্বাচিত হওয়া একজন শিক্ষার্থীর জন্য অত্যন্ত গর্বের এবং অনুপ্রেরণাদায়ক। লেখা-পড়া, খেলাধুলা, সাংস্কৃতিক কর্মকাণ্ড, সহপাঠ কার্যক্রম, শৃঙ্খলা, নিয়মানুবর্তিতা ও নেতৃত্বের গুণাবলিসহ সব বিষয়ে পারদর্শী শিক্ষার্থী শ্রেষ্ঠ শিক্ষার্থী হিসেবে নির্বাচিত হয়। ফলে শ্রেষ্ঠ শিক্ষার্থী নির্বাচন পদ্ধতি সকল শিক্ষার্থীকে উক্ত বিষয়গুলোতে উৎকর্ষ সাধনে আগ্রহী ও উৎসাহী করে তোলে। শ্রেষ্ঠ শিক্ষার্থী নির্বাচনের নীতিমালা নিম্নরূপ:

**১. পর্যায়/বিভাগ**

**ক. স্কুল** : (১) জুনিয়র বিভাগ। ১ম-৫ম শ্রেণি

: (২) সিনিয়র বিভাগ: ৬ষ্ঠ-১০ম শ্রেণি

**খ. কলেজ** : একাদশ-দ্বাদশ শ্রেণি

**গ. অনার্স** : বিবিএ (প্রফেশনাল) ও বিবিএ (ম্যানেজমেন্ট) এর সকল বর্ষ ও সেমিস্টার প্রতি পর্যায়/ বিভাগে ০৩ জন শ্রেষ্ঠ শিক্ষার্থী নির্বাচন করা হবে।

**২. একাডেমিক ফলাফল**

ক. বার্ষিক পরীক্ষা/৫ম শ্রেণির PECE (বৃত্তি পরীক্ষা)/৮ম শ্রেণির JSC (বৃত্তি পরীক্ষা)/দশম ও দ্বাদশ শ্রেণির টেস্ট পরীক্ষা/একাদশ শ্রেণির অর্ধ-বার্ষিক পরীক্ষা/বিবিএ (প্রফেশনাল) ও বিবিএ (ম্যানেজমেন্ট) এর বছরের সকল সেমিস্টার, বর্ষ ফাইনালের গড়, তবে ফাইনাল না হলে ইনকোর্স পরীক্ষায় প্রাপ্ত গড় GPA/CGPA-এর ছয়গুণ পয়েন্ট যোগ হবে। যেমন- GPA ৫ প্রাপ্ত হলে তার পয়েন্ট হবে ৫ × ৬ = ৩০।

খ. বার্ষিক পরীক্ষায় নির্দিষ্ট শ্রেণিতে ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম, ৮ম, ৯ম ও ১০ স্থান অধিকারী হলে যথাক্রমে ৬,৫,৪,৩,৫,৩,২৫, ২.১.৫, ১ ও ০.৫ পয়েন্ট পাবে।

গ. ৫ম, ৮ম, এসএসসি ও এইচএসসি-তে ট্যালেন্টপুলে বৃত্তির জন্য ৬ পয়েন্ট ও জেনারেল গ্রেডে বৃত্তির জন্য ৫ পয়েন্ট যথাক্রমে ৮ম, ১০ম, ১২শ ও অর্নাস পর্যন্ত পাবে।

ঘ. শিক্ষাক্রম অনুযায়ী মাউশির নির্ধারিত একাডেমিক ফলাফল বিবেচিত হবে।

**৩. আঃ হাউজ ক্রীড়া প্রতিযোগিতা**

**ক. খেলাধুলা:**

**(১) দলীয় খেলাঃ** (ক্রিকেট, হ্যান্ডবল, ভলিবল, বাস্কেটবল, কাবাডি ফুটবল, হকি, রিলে রেস ইত্যাদি)

(ক) দলীয় প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন দলের প্রত্যেক সদস্য ২ পয়েন্ট, রানার আপ দলের প্রত্যেক সদস্য ১ম ও ৩য় স্থান অধিকারী দলের প্রত্যেক সদস্য ০.৫ পয়েন্ট পাবে।

(খ) দলীয় প্রতিযোগিতায় টুর্নামেন্ট বা সিরিজে সেরা খেলোয়াড় ৩ পয়েন্ট পাবে।

(গ) ম্যাচ সেরা খেলোয়াড় যদি নির্বাচন করা হয়, ১ পয়েন্ট পাবে।

**(২) ব্যক্তিগত খেলা:** (ইনডোর গেমস, ব্যাডমিন্টন, অ্যাথলেটিকস, কারাতে ইত্যাদি)

(ক) এক্ষেত্রে চ্যাম্পিয়ন শিক্ষার্থী ৩ পয়েন্ট, রানার্স আপ ২ পয়েন্ট এবং ৩য় স্থান অধিকারী ১ পয়েন্ট পাবে।

(খ) ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী ব্যতীত, চূড়ান্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নির্বাচিত অন্য সকল প্রতিযোগী ০.৫ পয়েন্ট পাবে।

(গ) শ্রেষ্ঠ ক্রীড়াবিদ ৩ পয়েন্ট পাবে।

**খ. সাংস্কৃতিক প্রতিযোগিতা ও অন্যান্যঃ**

**(১) ব্যক্তিগত।**

(ক) সাংস্কৃতিক প্রতিযোগিতায় (হামদ/নাত, আযান, কিরাত, নির্ধারিত বক্তৃতা, তাৎক্ষণিক বক্তৃতা, বজ্ঞান মেলা, Arts and Crafts ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ইত্যাদি) ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী যথাক্রমে ৩, ২ এবং ১ পয়েন্ট পাবে এবং চূড়ান্ত প্রতিযোগিতায় অংশগ্রহণকারী অন্য সকলে ০.৫ পয়েন্ট পাবে। যদি অন্যান্য স্থান প্রদান করা হয় তবে তারা যথাক্রমে ০.৯, ০.৮, ০.৭৩০.৬ ইত্যাদি পাবে।

(খ) সকল শিক্ষার্থীর আবশ্যিকভাবে অংশগ্রহণমূলক প্রতিযোগিতায় (বিভিন্ন অলিম্পিয়াড, বানান, হাতের লিখা ইত্যাদি) অংশগ্রহণের জন্য ব্যক্তিগত কোনো পয়েন্ট থাকবে না। তবে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকার বিজয়ী শিক্ষার্থীরা যথাক্রমে ৩, ২ এবং ১ পয়েন্ট পাবে। যদি অন্যান্য স্থান প্রদান করা হয় তবে তারা যথাক্রমে ০.৯, ০.৮, ০.৭৪০.৬ ইত্যাদি পাবে।

**(২) দলীয়ঃ**

(ক) দলীয় অংশগ্রহণমূলক প্রতিযোগিতায় (বিতর্ক, কুইজ, প্রোগ্রামিং ইত্যাদি) ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী দলের সদস্য যথাক্রমে ৩, ২ এবং ১ পয়েন্ট পাবে। শ্রেষ্ঠ বিতার্কিক ৩ পয়েন্ট পাবে। এক্ষেত্রে Programing প্রতিযোগিতায় যদি অধিক দল অংশগ্রহণ করে সেক্ষেত্রে ১ম, ২য় ও ৩য়

স্থান ব্যতীত অন্যান্য সকল অংশগ্রহণকারী ০.৫ পয়েন্ট করে পাবে। যদি অন্যান্য স্থান প্রদান করা হয় তবে তারা যথাক্রমে ০.৯, ০.৮, ০.৭.৩০.৬ ইত্যাদি পাবে।

**(খ) বিশেষ প্রতিযোগিতাঃ** (Wall Magayine ইত্যাদি)

(i) চ্যাম্পিয়ন, রানার আপ ও ৩য় স্থান অর্জনকারী হাউজের Wall Magayine তৈরিতে সংশ্লিষ্ট সকল শিক্ষার্থী (১৫ জন) যথাক্রমে ৩, ২৬১ পয়েন্ট পাবে।

(ii) ব্যক্তিগতভাবে উপরোক্ত কোনো কার্যক্রমে শ্রেষ্ঠ কবিতা, গল্প প্রবন্ধ নির্বাচিত হলে ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারী যথাক্রমে ৩, ২ এবং ১ পয়েন্ট পাবে।

(iii) সংশ্লিষ্ট বিষয়ে ব্যক্তিগত পুরস্কারপ্রাপ্ত ব্যতীত, যাদের লেখা ও আঁকা ছবি Wall Magayine এ স্থান পাবে। তারা প্রত্যেকে ০.৫ পয়েন্ট পাবে।

(iv) এই ধরনের অন্য কোনো প্রতিযোগিতা হলে এ নীতিমালার ভিত্তিতেই তার পয়েন্ট নির্ধারিত হবে।

**৪. সাংগঠনিক কার্যক্রম**

(ক) সাংগঠনিক কার্যক্রম (বিএনসিসি, রেডক্রিসেন্ট, রেঞ্জার, গার্ল গাইডস, হলদে পাখি, রোভার স্কাউট, বয়েজ স্কাউট, কাব স্কাউট, Connecting class room, Duke of Edinburgh, French Language Club, British Council Book Reading Programine ইত্যাদি, বিভিন্ন ক্রীড়া ক্লাব যেমন- কারাতে, তাইকোয়ান্দো, ক্রিকেট, ফুটবল ইত্যাদি ও বৃহস্পতিবারে পরিচালিত স্বেচ্ছায় অংশগ্রহণমূলক ক্লাব কার্যক্রম ইত্যাদি এবং সহপাঠ কার্যক্রম হিসাবে সিসিপিসিতে পরিচালিত যে কোনো কার্যক্রমে ঐচ্ছিকভাবে অংশগ্রহণ) এর সদস্য হলে একজন শিক্ষার্থী ১ পয়েন্ট পাবে। প্রতিটি কার্যক্রমের জন্য সে আলাদা আলাদাভাবে ১ পয়েন্ট করে পাবে। উপরোল্লিখিত বিষয়গুলোর যে কোনো প্রশিক্ষণ/কার্যক্রম/ক্যাম্প এ অংশগ্রহণ করলে আরও ০.৫ পয়েন্ট পাবে। ঐ সমস্ত কার্যক্রম/ক্লাব-এর পরিচালনা কমিটির সভাপতি/সাধারণ সম্পাদক/পদধারী হলে আরও ১ পয়েন্ট পাবে। এই কার্যক্রম বা ক্লাব যদি কোনো আয়োজন করে (যেমনঃ CCPC MUN, CCPC Debate Festival ইত্যাদি) এবং কেউ যদি এ আয়োজন কমিটির পদধারী হয় তবে সে ১ পয়েন্ট পাবে। তবে ১০(ক)-এর আলোকে পর্যায় অনুযায়ী তা নির্ধারিত হবে।

(খ) কারাতে, French Language Club Duke of Edinburgh এ অংশগ্রহণকারী সকল শিক্ষার্থী নতুন বেল্ট অর্জন/পরবর্তী লেভেলে উন্নীত হলে অংশগ্রহণের ১ এর সাথে প্রতি বেল্ট/লেভেলের জন্য ০.৫ পয়েন্ট করে যোগ করে নিম্নয়ারে পয়েন্ট পাবে।

**উদাহরণ:**

| | |
|---|---|
| হলুদ বেল্ট/লেভেল ১ পাস/ব্রোঞ্জ পদকের জন্য ১.৫ পয়েন্ট | পারপেল বেল্ট/লেভেল ৫ পাশের জন্য ৩.৫ পয়েন্ট |
| কমলা বেল্ট/লেভেল ২ পাস/সিলভার পদকের জন্য ২ পয়েন্ট | লাল বেল্ট/লেভেল ৬ পাশের জন্য ৪ পয়েন্ট |
| সবুজ বেল্ট/লেভেল ৩ পাস/গোল্ড পদকের জন্য ২.৫ পয়েন্ট | খয়েরি বেল্ট লেভেল ৭ পাশের জন্য ৪.৫ পয়েন্ট |
| নীল বেল্ট লেভেল ৪ পাশের জন্য ৩ পয়েন্ট। | কালো বেস্ট/লেভেল ৮ পাশের জন্য ৫ পয়েন্ট। |

## ৫. অন্যান্য

(ক) অন্য যে কোনো বিষয়ে (Inspire Aspire, Queen's Commonwealth Essay Compitition
Earth Olympiad, Astronomical Olympiad) টেলিভিশনে যে কোনো শিক্ষামূলক অনুষ্ঠান, প্রথম আলো বিতর্ক, MUN, প্রতিষ্ঠানের বাইরে অন্য যে কোনো সংগঠন কর্তৃক আয়োজিত বিতর্ক ও অন্য যে কোনো প্রতিযোগিতায় গ্রহণযোগ্য কৃতিত্ব অর্জন করলে এবং কর্তৃপক্ষ কর্তৃক নির্বাচিত হয়ে অংশগ্রহণ করলে অনুচ্ছেদ ১০(ক)-এর আলোকে পর্যায় অনুযায়ী তাকে পয়েন্ট প্রদান করা হবে।

(খ) গিরিবার্তার সকল লেখক, আঁকিয়ে, প্রতিবেদক তার প্রতিটি বিষয়ের জন্য আলাদা করে ০.৫ পয়েন্ট পাবে।

(গ) গিরিপ্রভার সকল লেখক, আঁকিয়ে, প্রতিবেদক সকলেই ১ পয়েন্ট পাবে। বিশেষ কৃতিত্বের (প্রচ্ছদ ইত্যাদি) জন্য ১.৫ পয়েন্ট পাবে।

(ঘ) বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা (কারাতে, PT, Parade, Display ইত্যাদি), বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠান (উপস্থাপনা, নৃত্য, সংগীত, নাটিকা ইত্যাদি) বিভিন্ন জাতীয় দিবস (২১ শে ফেব্রুয়ারি, ১৭ই মার্চ, ২৬ শে মার্চ, ১৫ আগস্ট, ২১ শে নভেম্বর, ১৬ই ডিসেম্বর, ১লা বৈশাখ ইত্যাদিতে মঞ্চে অংশগ্রহণকারী) এবং বিশেষ দিবস (বিদায়ী অনুষ্ঠান, CCPC Anniversary, নবীন বরণ ইত্যাদিতে মঞ্চে অংশগ্রহণকারী) ইত্যাদিতে অংশগ্রহণকারী প্রত্যেক শিক্ষার্থী ০.৫ পয়েন্ট করে পাবে। এসব দিবসসমূহে কোনো প্রতিযোগিতা অনুষ্ঠিত হলে বিজয়ী ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী এবং ৪র্থ হতে পরবর্তী অবস্থানের জন্য পুরস্কার প্রদান

## ৬. শ্রেণি কার্যক্রমের ভিত্তিতে ড্রেসপিন অর্জন

ক) Best Unifrom Pin পেলে ২ পয়েন্ট
খ) Prefect Pin পেলে ৩ পয়েন্ট
গ) Assistant Prefect Pin পেলে ২ পয়েন্ট
ঘ) Best Conduct Pin পেলে ৩ পয়েন্ট
ঙ) Best Book Binder Pin পেলে ২ পয়েন্ট
চ) Best Performer Pin পেলে ৩ পয়েন্ট
ছ) Performer of the Quarter হলে ২ পয়েন্ট পাবে।

## ৭. লিডার নির্বাচিত হলে অর্জন

(ক) কলেজ/স্কুল লিডার হলে ৪ পয়েন্ট
(খ) কলেজ/স্কুল ডেপুটি লিডার হলে ৩.৭৫ পয়েন্ট
(গ) কলেজ/স্কুল হাউজ লিডার হলে ৩.৫ পয়েন্ট
(ঘ) কলেজ/স্কুল ডেপুটি হাউজ লিডার হলে ৩.২৫ পয়েন্ট

## ৮. শৃঙ্খলা

এই ক্ষেত্রে মূল্যায়নের পূর্ণমান হবে ১৫ এবং শ্রেণি শিক্ষক এবং শ্রেণিভিত্তিক/বিভাগীয় মূল্যায়ন কমিটি নিম্নলিখিত বিষয়ের ভিত্তিতে মূল্যায়ন করবেন।

(ক) ইউনিফর্ম : ৩ পয়েন্ট
(খ) শ্রেণিতে উপস্থিতি : ৫ পয়েন্ট
(খ) আচার-আচরণ : ৪ পয়েন্ট
(ঘ) ক্লাস পারফরমেন্স : ৩ পয়েন্ট
(ঙ) শ্রেণিতে উপস্থিতির হার ৯০% > ৫ পয়েন্ট, ৮০% > ৪,৭৫% > ৩ পয়েন্ট

**(চ) চূড়ান্ত মূল্যায়ন:** অধ্যক্ষ, উপাধ্যক্ষ এবং কেন্দ্রিয় মূল্যায়ন কমিটি যাচাই বাছাই পূর্বক চূড়ান্ত নম্বর প্রদান করবেন। তবে কোনো শিক্ষার্থী যদি সকল কর্মদিবসে উপস্থিত থাকে তবে তাকে অতিরিক্ত ৩ পয়েন্ট বোনাস দিতে হবে।

## ৯. নেতৃত্ব

(ক) এই ক্ষেত্রে মূল্যায়নের পূর্ণমান হবে ১০। শ্রেণি শিক্ষক এবং শ্রেণিভিত্তিক/বিভাগীয় মূল্যায়ন কমিটি মূল্যায়ন করবেন। মূল্যায়নের ক্ষেত্রে শিক্ষার্থীর ব্যক্তিত্ব, বাচনভঙ্গি ও প্রকাশ ক্ষমতা, বেশভূষা, সহপাঠীর সাথে ব্যবহার, শিক্ষকের সাথে আচরণ, সহযোগিতামূলক মনোভাব, বিভিন্ন কার্যক্রমে অংশগ্রহণ, বিভিন্ন অর্জন, Discipline মেনে চলা ও সর্বোপরি নেতৃত্ব প্রদানে সক্ষমতা ইত্যাদি বিষয়গুলো বিবেচনায় আনতে হবে।

**(খ) চূড়ান্ত মূল্যায়ন:** অধ্যক্ষ, উপাধ্যক্ষ এবং কেন্দ্রিয় মূল্যায়ন কমিটি যাচাই বাছাই পূর্বক চূড়ান্ত নম্বর প্রদান করবেন।

## ১০. সাধারণ নির্দেশনাবলি

(ক) প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা বিভিন্ন খেলাধুলা ও সাংস্কৃতিক প্রতিযোগিতা, সাংগঠনিক কার্যক্রম ও অন্যান্য বিষয়ে প্রতিষ্ঠানের বাইরে অংশগ্রহণ করে বিভিন্ন ধরনের অর্জন করে থাকে। সে ক্ষেত্রে বিভিন্ন পর্যায় কর্তৃপক্ষ কর্তৃক নির্বাচিত হয়ে অংশগ্রহণ এবং অর্জনের জন্য নিম্নলিখিতভাবে পয়েন্ট বরাদ্ধ করা হবে।

| পর্যায় | ১ম | ২য় | ৩য় | কোন অর্জন ছাড়া কেবল মাত্রা অংশগ্রহণ |
|---|---|---|---|---|
| আন্তর্জাতিক | ৮ | ৭.৫ | ৭ | ৫ |
| জাতীয়/কেন্দ্রীয় | ৭ | ৬.৫ | ৬ | ৪ |
| বিভাগীয়/আঞ্চলিক | ৬ | ৫.৫ | ৫ | ৩ |
| জেলা | ৫ | ৪.৫ | ৪ | ২ |
| থানা | ৪ | ৩.৫ | ৩ | ১ |
| স্বীকৃত প্রতিষ্ঠান | ৩ | ২ | ১ | ০.৫ |

এক্ষেত্রে স্বীকৃত প্রতিষ্ঠান, খানা, জেলা, বিভাগীয়/আঞ্চলিক, জাতীয়/কেন্দ্রীয় ও আন্তজাতিক পর্যায়ে কর্তৃপক্ষ কর্তৃক নির্বাচিত কিন্তু শিক্ষার্থী কর্তৃক উক্ত পর্যায়সমূহে কোনো অর্জন না থাকলে শুধুমাত্র পর্যায়ানুযায়ী অংশগ্রহণের পয়েন্ট পাবে। এক্ষেত্রে পর্যায়সমূহে অর্জন থাকলে অংশগ্রহণে জন্য নির্ধারিত পয়েন্টটি প্রাপ্ত হবে না, শুধুমাত্র অর্জনের পয়েন্টটি নীতিমালা অনুযায়ী প্রাপ্ত হবে। তবে একটি বিষয়ে পর্যায়ক্রমিক অংশগ্রহণের জন্য একবারই সর্বোচ্চ পয়েন্টটি পাবে যেমন। জেলা পর্যায়ে ফুটবল চ্যাম্পিয়ন হলে ৫ পয়েন্ট সেক্ষেত্রে থানা পর্যায়ে চ্যাম্পিয়নের ৪র্থ পয়েন্ট অথবা বিভাগীয় পর্যায়ে অংশগ্রহণে ৩ পয়েন্ট পাবে না।

(খ) ব্যক্তিগত কৃতিত্বের মাধ্যমে কোনো শিক্ষার্থী খেলাধুলা, সাংস্কৃতিক অথবা সাংগঠনিক কার্যক্রমে থানা, জেলা, বিভাগ, জাতীয় বা আন্তজার্তিক কোনো পর্যায়ে অংশগ্রহণের জন্য নির্বাচিত ও কৃতিত্ব অর্জন করলে অনুচ্ছেদ ১০ ও অনুসারে তাকে নম্বর প্রদান করতে হবে (যেমন- একজন শিক্ষার্থী নিজ যোগ্যতায় জেলা ক্রিকেট দলের সদস্য হিসাবে সুযোগ পেয়েছে। তার অর্জিত নম্বর হবে ২ পয়েন্ট। তবে তার দল বিভাগীয় পর্যায়ে চ্যাম্পিয়ন হলে পাবে ৬ পয়েন্ট এবং সেক্ষেত্রে অংশগ্রহণের ২ পয়েন্ট পাবে না।

(গ) অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত বিভিন্ন প্রতিযোগিতায় যদি ৪র্থ থেকে পরবর্তী অবস্থানকারীগণ যথাক্রমে ০.৯,০৯, ০.৭ ও ০.৬ ইত্যাদি পাবে। ৩য় স্থানের পয়েন্ট ০.৫ হলে পরবর্তী অবস্থানকারীগণ যথাক্রমে ০.৪০ ০.২ ও ০১ পয়েন্ট পাবে।

(ঘ) যে সমস্ত বিষয়ে মেয়েদের অংশগ্রহণের সুযোগ নেই বা কম, সেক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের সময় বিষয়টিকে বিবেচনায় আনতে হবে যেন তারা ক্ষতিগ্রস্ত না হয়।

(ঙ) কোনো শিক্ষার্থী শৃঙ্খলাবিরোধী কার্যক্রমে জড়িত হলে নির্বাচনী প্রক্রিয়ায় তাকে আনা হবে না।

(চ) বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রতি বিভাগ থেকে নির্বাচিত পর্যায় ভিত্তিক **১**ম, ২য় ও ৩য় স্থান অর্জনকালি শ্রেষ্ঠ শিক্ষার্থীদের পুরস্কার প্রদান করা হবে।

## **১১. নির্বাচন প্রক্রিয়া**

(ক) সেরা ছাত্র-ছাত্রী নির্বাচনের সাথে সাথে ৮ম, ৯ম ও একাদশ শ্রেণি থেকে উক্ত নীতিমালার আলোকে ঐ বছরের জন্য লিডার নির্বাচন করা হবে।

(খ) বিভিন্ন পর্যায়ের শ্রেষ্ঠ শিক্ষার্থী নির্বাচনের জন্য শ্রেণি/ বিভাগ ভিত্তিক মূল্যায়ন কমিটি এবং একটি কেন্দ্রীয় মূল্যায়ন কমিটি থাকবে। শ্রেণি/বিভাগ ভিত্তিক মূল্যায়ন কমিটির সদস্য হবেন উক্ত শ্রেণি বিভিন্ন সেকশনের শ্রেণি শিক্ষক এবং বিষয় শিক্ষকগণ। অধ্যক্ষ কর্তৃক নির্বাচিত ৫ জন সদস্য নিয়ে কেন্দ্রীয় মূল্যায়ন কমিটি গঠিত হবে।

(গ) শ্রেণি শিক্ষকগণ নিজ নিজ সেকশনের **১**০-**১**২ জন শিক্ষার্থীর (প্রয়োজনে অধিক) তথ্য ডিসেম্বর মাসের **১**ম সপ্তাহের মধ্যে নির্ধারিত ফর্মে সংগ্রাহ ও নম্বর প্রদান করে নিজ সেকশনের সেরা ৫ জনকে নির্বাচিত করবেন।

(ঘ) ডিসেম্বর মাসের winter vacation এর আগের বৃহস্পতিবার শ্রেণি/বিভাগ ভিত্তিক মূল্যায়ন কমিটি বিভিন্ন সেকশনের শ্রেণি শিক্ষকগণ কর্তৃক প্রস্তাবিত নামের তালিকা থেকে যাচাই বাছাই পূর্বক শ্রেণি/বিভাগ ভিত্তিক ৫ জন সেরা শিক্ষার্থী মনোনয়ন করে কেন্দ্রীয় মূল্যায়ন কমিটিকে প্রয়োজনীয় দলিল পত্রাদিসহ প্রদান করবেন।

(ঙ) তবে লিডার নির্বাচনের জন্য নিম্নলিখিত পদ্ধতি অনুসরণ করে শিক্ষার্থীর মনোনয়ন দিতে হবে-

(**১**) স্কুল পর্যায় ৮ম, ৯ম ও **১১**শ শ্রেণির বিভিন্ন সেকশনের শ্রেণি শিক্ষকগণ সেরা ৫ জনের সাথে আরও অতিরিক্ত ৫ জনসহ মোট **১**০ জন সেরা শিক্ষার্থীর নাম প্রস্তাব করতে হবে। যাদের মধ্য থেকে শ্রেণি ভিত্তিক মূল্যায়ন কমিটি ৫ জন সেরা শিক্ষার্থীর সাথে আরো অতিরিক্তি **১**৫ জন শিক্ষার্থীকে মনোনয়ন দিবেন। পরবর্তীতে ঐ ২০ জন শিক্ষার্থী হতে লিডার নির্বাচন করা হবে।

(২) অধ্যক্ষ, উপাধ্যক্ষ ও কেন্দ্রীয় মূল্যায়ন কমিটি উল্লিখিত তালিকা হতে পরবর্তী বছরের লিডার নির্বচিন করবেন। এই নির্বাচনের ক্ষেত্রে 'শ্রেষ্ঠ শিক্ষার্থী নির্বাচনী ফরম'-এর মাধ্যমে অর্জিত পয়েন্টের মেধাক্রম, শিক্ষার্থীদের মৌখিক সাক্ষাৎকার, তাদের টার্ন আউট ও বেয়ারিং এবং ড্রিলে কর্মকাণ্ড প্রদানের দক্ষতা বিবেচনা করা হবে।

(চ) কেন্দ্রীয় মূল্যায়ন কমিটি পরবর্তী বছরের জানুয়ারি মাসের **১**ম বুধবারের মধ্যে শ্রেণি/বিভাগ ভিত্তিক মূল্যায়ন কমিটি কর্তৃক নির্বাচিত শিক্ষার্থীদের প্রাপ্ত তথ্য ও নম্বর যাচাই বাছাই করে প্রতিটি বিভাগ থেকে **১**০ জন সেরা শিক্ষার্থীকে মনোনয়ন দিবেন।

(ছ) অধ্যক্ষ, উপাধ্যক্ষ ও কেন্দ্রীয় কমিটি পরবর্তী বৃহস্পতিবার চূড়ান্ত মূল্যায়ন শেষে ৩ জন সেরা ছাত্র-ছাত্রী নির্বাচন করবেন।

(জ) নির্বাচিত শ্রেষ্ঠ শিক্ষার্থীদেরকে বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ক্রেস্ট প্রদান করা হবে এবং সারা বছর ইউনিফর্ম এর সাথে ব্যবহারের জন্য ড্রেস পিন প্রদান করা হবে।